কুষ্টিয়ায় রোটারী অজয় সুরেকা দম্পতির উদ্যোগে কম্বল বিতরণ

কুষ্টিয়ায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। রোটারি ক্লাবের এমপিএইচএফ অজয় সুরেকা ও পিএইচএফ স্মৃতি সুরেকার ব্যাক্তিগত অর্থায়নে আজ সকালে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় রোটারি ক্লাবের এমপিএইচএফ অজয় সুরেকা ও পিএইচএফ স্মৃতি সুরেকাসহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির পরিচালক জাকির হোসেন, রোটারিয়ান রুয়াইম রাব্বি এমপিএইচএফ এমডি, জাহিদুল ইসলাম রনিসহ রোটারি ক্লাব অব কুষ্টিয়ার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ জানান, সারাদেশের মতো কুষ্টিয়াতেও শীতের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এই কনকনে শীতে পৌর এলাকার শীতার্ত মানুষের মাঝে আমাদের নিজেদের উদ্যোগে কম্বল বিতরণ করা যাচ্ছি।

তিনি আরও বলেন, আমরা যারা রোটারী করি এসব রোটারিয়ানরা নিজেদের উপার্জনের অর্থের একটি অংশ সমাজের অসহায় মানুষের কল্যাণে ব্যয় করে থাকি। রোটারীর মাধ্যমে মানুষের সহায়তায় এগিয়ে আসা একটি মহৎ কাজ। সমাজের বিত্তবানদের সকলের উচিত যার যার অবস্থান থেকে রোটারীর ন্যায় সাহায্যের হাত প্রসারিত করা। তাহলেই আগামীর জন্য একটি সুখী-সুন্দর সমাজ বিনির্মাণ করা সম্ভব।

এদিকে কম্বল পেয়ে বিভিন্ন পেশার মানুষ বলেন, রোটারী ক্লাবের অজয় সুরেকা ও তর পরিবারের পক্ষ পক্ষ থেকে এই তীব্র শীতে কম্বল উপহার পেয়ে আমাদের অনেক উপকারে লাগবে। শীত লাঘব হবে। কম্বল পেয়ে একটু আরাম পাবো।